

ঈশ্বরগঞ্জে শিক্ষক ও ছাত্রীদের হত্যার হুমকি দিয়ে খুদেবার্তা

■ ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ) প্রতিনিধি

ঈশ্বরগঞ্জে একটি বালিকা বিদ্যালয় ও কলেজের শিক্ষক-ছাত্রীদের হত্যার হুমকি দিয়ে অনবরত খুদেবার্তা পাঠাচ্ছে অজ্ঞাতপরিচয় এক ব্যক্তি। এ ঘটনায় থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে।

উপজেলা সদরে অবস্থিত বালিকা বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ, তথ্যপ্রযুক্তি শিক্ষকসহ ৩ শিক্ষক ও কয়েকজন ছাত্রীর মোবাইল ফোনে গত বুধবার থেকে খুদেবার্তা পাঠানো হয় গ্রামীণ ফোনের ০১৭৮৩-৫৭৫৮৯৭ নম্বর থেকে। অধ্যক্ষের মোবাইল ফোনে পাঠানো খুদেবার্তায় এক শিক্ষকের নাম উল্লেখ করে বলা হয়, 'দয়া করে তাকে বলুন অন্য মেয়েকে বিয়ে করতে। এই মেয়ের সঙ্গে আমার হিসাব আছে। ওই মেয়েকে বিয়ে করলে আপনি (অধ্যক্ষ) সহ কলেজের মেয়েদের মরতে হবে। বোমা মারব, বারবার বলছি। ওই মেয়ে আমার জীবন শেষ করে দিয়েছে। এখন অন্য জনকে বিয়ে করবে তা হতে পারে না।' গত বুধবার বেলা সাড়ে ১১টার দিকে এই হুমকি সংবলিত খুদেবার্তা পাঠানোর পর সন্ধ্যায় আরেকটি বার্তা পাঠানো হয় অধ্যক্ষের মোবাইল ফোনে। দ্বিতীয় খুদেবার্তায় বলা হয়- 'আপনি যদি ওই শিক্ষককে সতর্ক না করেন তাহলে আপনার কলেজে খুন কয়টা হবে তার ঠিক নাই। আপনি ছাত্রীদের বাঁচাতে চাইলে এবং আপনি বাঁচতে চাইলে ওই শিক্ষককে বলেন অন্য জায়গায় বিয়ে করতে। শুক্রবার বিকেল সাড়ে ৫টার দিকে তৃতীয় খুদেবার্তায় বলা হয়- 'আমার কথা মূল্য দিচ্ছেন না, বিয়ে করতে যাওয়া শিক্ষকসহ ৩টি মেয়ে আপনার কলেজে খুন হবে।'

অধ্যক্ষ জানান, কয়েকদিন আগে তার প্রতিষ্ঠানের একজন শিক্ষক পৌর এলাকার একটি মেয়ের সঙ্গে বিয়ের নিবন্ধন করে। মেয়েটিকে যেন ওই শিক্ষক বিয়ে না করে সে জন্য গত বুধবার থেকে তাকে ও বিয়ে করতে যাওয়া শিক্ষকসহ আরও কয়েকজন শিক্ষক-শিক্ষার্থীকে হুমকি দিয়ে অজ্ঞাতপরিচয় নম্বর থেকে ক্ষুদেবার্তা পাঠানো হচ্ছে। বিষয়টি নিয়ে গত বুধবার ঈশ্বরগঞ্জ থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে। অধ্যক্ষ আরও জানান, শুধু খুদেবার্তা পাঠিয়ে নয়, শিক্ষকদের মোবাইল ফোনে পুরুষ কণ্ঠের এক ব্যক্তি ফোন করেও হুমকি দিয়েছে।